

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
৩২, বিচারপতি এস.এম.মোর্শেদ সরণী,  
আগারগাঁও, শেরেবাংলা নগর ঢাকা-১২০৭।

আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরে ৩০ ডিসেম্বর ২০১৯ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন কমিটি সভার  
কার্যবিবরণী।

সভাপতি	মোঃ সুজায়েত উল্যা পরিচালক
সভার তারিখ	৩০ ডিসেম্বর ২০১৯
সভার সময়	সকাল ১১:০০ টা
স্থান	জাতীয় আরকাইভস পরিচালকের কক্ষ
উপস্থিতি	১) জনাব মোঃ জামাল উদ্দিন, চিফ বিবলিওগ্রাফার/উপপরিচালক (চ. দা.), আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা - সদস্য ২) জনাব মুহাম্মদ মুসলিম উদ্দিন, বিবলিওগ্রাফার, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা - সদস্য ৩) জনাব মোঃ ইলিয়াছ মিয়া, গবেষণা কর্মকর্তা, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা - সদস্য ৪) জনাব মোঃ হারিছ সরকার, প্রোগ্রামার, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা - সদস্য সচিব

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করার জন্য সদস্য সচিবকে অনুরোধ জানান। ইনোভেশন টিমের সদস্য সচিব জনাব মোঃ হারিছ সরকার আলোচ্যসূচির প্রারম্ভে গত ২৩ সেপ্টেম্বর ২০১৯ তারিখে অনুষ্ঠিত সভার অগ্রগতি উপস্থাপন করেন। উক্ত সভার সকল (৫টি) সিদ্ধান্ত বাস্তবায়ন করা হয়েছে। সে বিষয়ে পরিচালক সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

আলোচনা-পর্যালোচনার প্রেক্ষিতে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:-

১) সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণ কর্মসূচি (কমপক্ষে ২০ জনের জন্য) আগামী ফেব্রুয়ারি ২০২০ মাসের মধ্যে আয়োজন করবেন জনাব মোঃ জামাল উদ্দিন, চিফ বিবলিওগ্রাফার/উপপরিচালক (চ. দা.)।

২) উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন ত্বরান্বিত করার লক্ষ্যে কর্মকর্তাগণকে বিদেশে শিক্ষা সফর/ প্রশিক্ষণ /নলেজ শেয়ারিংপ্রোগ্রামে প্রেরণের নিমিত্ত মালেশিয়া/ভিয়েতনাম বা অন্য কোনও দেশে আরকাইভস পরিদর্শন করা হবে।

৩) বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগের ডকুমেন্টেশন আগামী মার্চ ২০২০ এর মধ্যে প্রকাশ করবেন জনাব মুহাম্মদ মুসলিম উদ্দিন, বিবলিওগ্রাফার।

৪) জাতীয় গ্রন্থাগারে কপিরাইট আইনে সংগৃহীত পুস্তকাদি ডাটাএন্ট্রির সময় বিষয়ভিত্তিক ১০ টি কালার ট্যাগ ব্যবহার নিশ্চিত করবেন জনাব মুহাম্মদ মুসলিম উদ্দিন, বিবলিওগ্রাফার।

অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ সুজায়েত উল্যা

পরিচালক

স্মারক নম্বর: ৪৩.২৫.০০০০.০০৭.৩৩.০০১.১৮.২

তারিখ: ২১ পৌষ ১৪২৬

০৫ জানুয়ারি ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) উপপরিচালক (আরকাইভস) (চলতি দায়িত্ব), উপপরিচালক (আরকাইভস) এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ২) চিফ বিবলিওগ্রাফার/উপপরিচালক (চলতি দায়িত্ব), চিফ বিবলিওগ্রাফার/উপপরিচালক এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ৩) মাইক্রোফিল্ম অফিসার, মাইক্রোফিল্ম (সংরক্ষণ) অফিসারের দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ৪) বিবলিওগ্রাফার, বিবলিওগ্রাফি (সংকলন) , আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ৫) বিবলিওগ্রাফার, বিবলিওগ্রাফি (প্রকাশনা ও রেফারেন্স) , আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ৬) গবেষণা কর্মকর্তা, গবেষণা শাখা, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ৭) সহকারী গ্রন্থাগার পরিচালক, সহকারী গ্রন্থাগার পরিচালক এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ৮) জুনিয়র মাইক্রোফিল্মিং এন্ড ফটোস্ট্যাটিং অফিসার, বাঁধাই ও মেরামত শাখা, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ৯) সহকারী পরিচালক, সহকারী পরিচালক (সংগ্রহ ও উন্নয়ন) এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর






মোঃ হারিছ সরকার

প্রোগ্রামার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
৩২, বিচারপতি এস.এম.মোর্শেদ সরণী  
আগারগাঁও, শেরেবাংলা নগর  
ঢাকা-১২০৭।

আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরে ৩০ ডিসেম্বর ২০১৯ তারিখের ইনোভেশন সভায় পরিচালক (আরকাইভস) এর সভাপতিত্বে অনুষ্ঠিত ইনোভেশন কমিটিতে উপস্থিত সদস্যদের তালিকা :

ক্রমিক	নাম ও পদবী	স্বাক্ষর
১.	জনাব মোঃ জামাল উদ্দিন, চীফ বিব./ উপপরিচালক, চলতি দায়িত্ব, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা  সদস্য, ইনোভেশন কমিটি	
২.	জনাব মুহাম্মদ মুসলিম উদ্দিন, বিবলিওগ্রাফার, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা  সদস্য, ইনোভেশন কমিটি	
৩.	জনাব মোঃ ইলিয়াছ মিয়া, গবেষণা কর্মকর্তা, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর,  সদস্য, ইনোভেশন কমিটি	
৪.	জনাব মোঃ হারিছ সরকার, প্রোগ্রামার, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা  সদস্য সচিব, ইনোভেশন কমিটি	